

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৮৫

কমলপুর, ১৬ জানুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা

ধলাই জেলায় মাছের পোনা উৎপাদনে সহায়তা

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে ধলাই জেলার ৫৫ জন মৎস্যচাষিকে মাছের পোনা উৎপাদনে সহায়তা দেওয়া হয়েছে। এতে জেলার ৪.৩ হেক্টের জলাশয় মাছের পোনা উৎপাদনের আওতায় এসেছে। এজন্য ব্যয় হয়েছে ৩ লক্ষ ৩০ হাজার টাকা। তাছাড়া এই যোজনায় জেলার ৩১ জন মৎস্যচাষিকে মিশ্র মাছ চাষে সহায়তা দেওয়া হয়েছে। এতে জেলার ৪.৪২ হেক্টের জলাশয় মিশ্র মাছ চাষের আওতায় এসেছে। এজন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ৭৮ হাজার টাকা। মৎস্য দপ্তরের ধলাই জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
